

মাটি সংগ্রহ এবং প্রক্রিয়াকরণ পদ্ধতি



ICAR

সেবাভারতী কৃষি বিজ্ঞান কেন্দ্র

কাপগাড়ী::পশ্চিম মেদিনীপুর-৭২১৫০৫

www.sevabharatikvk.org



গাছের প্রয়োজনীয় খাদ্য উপাদান গুলির মধ্যে কার্বন, হাইড্রোজেন এবং অক্সিজেন বাদে প্রতিটিই গাছ মাটি থেকে সংগ্রহ করে থাকে। স্বাস্থ্যকর মাটি সঠিক ভাবে উদ্ভিদের জন্য প্রয়োজনীয় খাদ্যের সংরক্ষণ এবং পরিবাহিত করে। যথেষ্ট রাসায়নিক সারের ব্যবহার এবং অবৈজ্ঞানিক ভাবে বারংবার ফসলের চাষ মাটিতে বসবাসকারী উপকারী ক্ষুদ্র জীব এবং জীবানু ধ্বংস করে এমনকি মাটির উর্বরতা শক্তিও হ্রাস করে। মাটির স্বাস্থ্য রক্ষার্থে ফসলের উৎপাদনের জন্য সঠিক মাত্রায় সার প্রয়োগ অত্যন্ত গুরুত্বপূর্ণ। মাটিতে ফসলের পুষ্টির অবস্থা মূল্যায়নের লক্ষ্যে মাটি পরীক্ষার গুরুত্ব অপরিসীম। সঠিক পদ্ধতিতে মাটি সংগ্রহ সঠিক মূল্যায়নের প্রধান চাবি কাঠি। মনে রাখতে হবে যে ৩ ছোট পলিথিন ব্যাগের মাটি পরীক্ষার মাধ্যমেই জমিতে সার প্রয়োগ করা হবে। জমি যদি অসমতল, আলাদা রঙের অথবা আলাদা ধরনের হয় তখন প্রতিটি জায়গার আলাদা মাটি সংগ্রহ প্রয়োজন।

নমুনা সংগ্রহের সরঞ্জাম:-

- (১) পরিষ্কার বড় পলিথিন।
- (২) কোদাল বা অগার।
- (৩) পরিষ্কার পলিথিনের পাত্র।
- (৪) কাগজ (মাটির বিবরণ লেখার জন্য)।
- (৫) পরিষ্কার ছোট পলিথিনের ব্যাগ/অথবা ছোট চটের ব্যাগ।

মাটি সংগ্রহের পদ্ধতি:-

- (১) পুরো জমিটিতে এলোমেলো ভাবে মাটি সংগ্রহের জায়গা চিহ্নিত করতে হবে। লক্ষ্য রাখতে হবে যে জমিটির বেশিরভাগ জায়গাই চিহ্নিত করা হয়েছে। জমিটির পরিমাপের উপর নির্ভর করবে কতগুলি জায়গা থেকে মাটি সংগ্রহ করা হবে। জমিটি যত বড় হবে ততবেশি জায়গা থেকে মাটি সংগ্রহ করতে হবে।

(২) চিহ্নিত অংশগুলি থেকে 'V' আকৃতিতে (০-২০cm গভীরতা) মাটি সংগ্রহ করতে হবে এবং নির্দিষ্ট পরিষ্কার পলিথিনের পাশের মধ্যে সংগ্রহ করতে হবে।

(৩) চিহ্নিত সমস্ত জায়গা থেকে মাটি সংগ্রহ হলে পরিষ্কার বড় পলিথিনে সমস্ত মাটিকে একত্রিত করে ভালোভাবে মিশিয়ে নিতে হবে।

(৪) মিশ্রিত মাটির চারভাগ করে বিপরীত দুইভাগ ফেলে দিতে হবে, অবশিষ্ট মাটিকে আবার ভালোভাবে মিশ্রিত করে বিপরীত দুটি ভাগ ফেলে দিতে হবে, এমন ভাবে ৫০০ গ্রাম মাটি সংগ্রহ করতে হবে।

(৫) জমিটির সমস্ত নথি একটি কাগজে লিখে নির্দিষ্ট মাটি পলিথিনে দিয়ে তা পরিষ্কারগারে পাঠাতে হবে।



মাটি সংগ্রহের সর্তকতা:-

- (১) শুষ্ক মাটি সংগ্রহের চেষ্টা করতে হবে।
- (২) সার প্রয়োগের পর মাটি সংগ্রহ করা যাবে না।
- (৩) অধিক বৃষ্টিপাতের পর মাটি সংগ্রহ করা যাবে না।
- (৪) জমির ধার থেকে মাটি সংগ্রহ এড়িয়ে চলতে হবে।
- (৫) গাছের ছায়া যুক্ত জায়গা থেকে মাটির নমুনা সংগ্রহ করা যাবে না।
- (৬) জমির মধ্যের কোন নালা থেকে মাটির নমুনা সংগ্রহ করা যাবে না।

সংগৃহীত মাটির নমুনা সম্পর্কে প্রয়োজনীয় তথ্যাবলী:-

- তারিখ ● কৃষকের নাম ● জেলা ● ব্লক ● অঞ্চল ● পোঃঅফিস ● মৌজা
- জে.এল.নং ● দাগ নং ● জমির অবস্থান (উঁচু/মাবারি/নিচু)
- সেচের সুবিধা আছে কি না ● কোন বিশেষ অসুবিধা আছে কি না
- প্রচলিত শস্য পর্যায় ● কোন ফসল ● চাষ করত ইচ্ছুক।

